যুগান্তর

তারিখ 16 FEB 2007 পৃষ্ঠা ৫ কলাম ৪

# জিরি মাদ্রাসার শতবর্ষপূর্তি



**আর সপ্তাহখানেক পরই উপমহাদেশের ঐতিহ্যবাহী দীনি শিক্ষা প্রতিষ্ঠান আল জামেয়াতুল আরাবিয়াতুল ইসলামিয়া জিরি মাদ্রাসার শতবর্ষপূর্তি। এ উপলক্ষে জামেয়া প্রধান মাওলানা শাহ মোহাম্মদ তৈয়্যবের মুখোমুখি হয়েছেন শাকের হোসাইন শিবলি**

**আর কিছুদিনের মধ্যেই দেশের দ্বিতীয় বৃহত্তম এবং প্রাচীনতম দীনি শিক্ষা প্রতিষ্ঠান জিরি মাদ্রাসার শতবর্ষপূর্তি হতে যাচ্ছে। বর্তমান প্রিন্সিপাল হিসেবে আপনার অনুভূতি জানতে চাচ্ছি।**

প্রথমেই মহান রাব্বুল আলামিনের দরবারে শুকরিয়া জ্ঞাপন করছি। কারণ, একটি প্রতিষ্ঠানের একশ' বছর পেরিয়ে আসা কম কথা না। আমি মনে করি এটা সম্ভব হয়েছে উপরওয়ালার খাস মর্জির কারণে। এই একশ' বছরে এখান থেকে প্রায় ৮ হাজার মাওলানা-মুফতি তৈরি হয়েছে। পটিয়াসহ দেশ-বিদেশের অনেক নামকরা মাদ্রাসার প্রতিষ্ঠাতা এখানকারই ছাত্র ছিলেন। এটা ভেবে বর্তমান মহাপরিচালক হিসেবে নিজেকে ধন্য মনে করছি। আমি খুবই আনন্দিত।

**বিশিষ্ট বুজুর্গ ও প্রখ্যাত আলেম মাওলানা আহমদ হাসান (রহ.) আজ থেকে একশ' বছর আগে এই মাদ্রাসাকে যে উদ্দেশ্যে প্রতিষ্ঠা করেছিলেন একশ' বছর পর এসে জিরি তার লক্ষ্যে কতটুকু অগ্রসর হতে পেরেছে বলে আপনি মনে করেন।**

প্রতিষ্ঠাতার লক্ষ্য-উদ্দেশ্যের ওপর এখনও পূর্ণ প্রতিষ্ঠিত আছে এবং সেই লক্ষ্যেই আমরা সামনে এগিয়ে যাচ্ছি। তার লক্ষ্য ছিল নবীর সুন্নতকে জিন্দা করা এবং দীনকে পরিপূর্ণভাবে সমাজে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে বাস্তবরূপে পরিপূর্ণ আলেম তৈরি করা, আলহামদুলিল্লাহ তা পূর্ণ হয়েছে।

**শতবর্ষপূর্তি কিভাবে উদযাপন করবেন?**

আগামী ২১, ২২ ও ২৩ ফেব্রুয়ারি মহাসম্মেলনের আয়োজন করা হয়েছে। এই সম্মেলনে দেশ-বিদেশের স্বনামধন্য ওলামায়ে কেরামদের দাওয়াত করা হয়েছে। তাদের মধ্যে অন্যতম ইমামুল হেরেম আল শেখ ছালাহ আল বোদাইর ইমাম ও খতিব মসজিদে নববী (সাঃ) ও বিচারপতি শরিয়া সুপ্রিমকোর্ট মদিনা শরিফ সৌদি আরব; মাআলী আল শেখ আমিন আকীল আত্তাছ, সাবেক সহকারী সেক্রেটারি জেনারেল রাবেতা আলমে ইসলামী, মক্কা মোকাররমা, সৌদি আরব; আল্লামা শাহ সূফি কামরুজ্জামান খলিফা; মাওলানা মোহাম্মদ আহমদ পর্তাবগড়ী (রহ.) ভারত; আওলাদে রাসূল সাইয়েদ আরশাদ আল মাদানী, শিক্ষা সচিব, দারুল উলুম দেওবন্দ, ভারত; মাওলানা আবদুর রাজ্জাক, মহাপরিচালক, জামেয়া বিননূরী টাউন, করাচি, পাকিস্তান; মাওলানা সাঈদ আহমদ পালনপুরী, দারুল উলুম দেওবন্দ, ভারত; সাইয়েদ আবদুল মজিদ নাদীম, পাকিস্তান; মাওলানা ক্বারি তৈয়্যব কাসেমী, চেয়ারম্যান খতমে নবুয়ত মুভমেন্ট হংকং; বায়তুল মোকাররম জাতীয় মসজিদের খতিব মাওলানা উবায়দুল হক; মজলিসে দাওয়াতুল হকের আমীর মাওলানা মাহমুদুল হাসান; সাবেক এমপি মুফতি ফজলুল হক আমিনী; মুফতি মোহাম্মদ ওয়াক্কাস; হাটহাজারী মাদ্রাসার মহাপরিচালক আল্লামা আহমদ শফী; বসুন্ধরার মুফতি আবদুর রহমান; মাওলানা নুরুল ইসলাম ওলীপুরী; ওলামাবাজারের শায়খুল হাদিস মাওলানা নুরুল ইসলাম আদীব; পটিয়ার নুরুল ইসলাম কাদীম ও দারুল মাআরিফের আল্লামা সুলতান যওক নদভী প্রমুখ।

**এখন পর্যন্ত সম্মেলনের প্রস্তুতি কেমন?**

আলহামদুলিল্লাহ, সব প্রস্তুতি প্রায় সম্পন্নের পথে। সবার কাছে দোয়া প্রার্থী— সম্মেলনটা যাতে সুষ্ঠু এবং সুন্দরভাবে শেষ করতে পারি।

*চট্টগ্রামের জিরি থেকে ফিরে*